



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।
www.atu.police.gov.bd



স্মারক নং- পিআর ১১৭/২২

তারিখঃ ৯ই আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
২৪ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ


প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: এন্টি টেররিজম ইউনিট কতর্ক নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন ‘আনসার আল ইসলাম’ এর একজন সক্রিয় সদস্য
গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি দল গোপন সংবাদের ভিত্তিতে ২৩ সেপ্টেম্বর ২০২২ খ্রি. তারিখ রাত ২৩.২৫ ঘটিকার সময় বিশেষ অভিযান পরিচালনা করে কুমিল্লা জেলার সদর থানাধীন আড়াইওরা তিন রাস্তার মোড় এলাকা থেকে “আনসার আল ইসলাম” এর একজন সক্রিয় সদস্যকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত সদস্যের নাম- মো: সৈকত হোসেন (২৪), পিতা- মো: নুরুল ইসলাম, মাতা- নিলুফা বেগম, স্থায়ী ঠিকানা: গ্রাম- আড়াইওরা (বড়বাড়ি), থানা- কোতয়ালি মডেল, জেলা- কুমিল্লা। গ্রেফতারকালে এন্টি টেররিজম ইউনিট তার নিকট থেকে উগ্রবাদী কর্মকাণ্ডে ব্যবহৃত ০১টি এন্ড্রয়েড মোবাইল সেট, ০১ টি এসডি কার্ড ও ০৫ টি বাঁধাই করা বই- কেন আমরা জিহাদ করবো (৭৩ পাতা), আলকায়দা উপমহাদেশ- আসসাহাব উপমহাদেশ মিডিয়া (১৭ পাতা), কাশ্মির জিহাদ পথ ও গন্তব্য (১২ পাতা), কেন আমরা জিহাদ করবো (২২ পাতা), নিরাপত্তা ও ইন্টেলিজেন্স বিষয়ক কোর্স (৩৯ পাতা) জব্দ করেছে।

গ্রেফতারকৃত মো: সৈকত হোসেন নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন ‘আনসার আল ইসলাম’ এর একজন সক্রিয় সদস্য। সে ও তার অন্যান্য সহযোগীগণ রাষ্ট্রের বিরুদ্ধে ষড়যন্ত্র, হত্যা, জনমনে দ্রাস ও আতঙ্ক সৃষ্টির লক্ষ্যে পরিকল্পনা ও প্রস্তুতি গ্রহণের জন্য সাইবার স্পেস ব্যবহার করে বিভিন্ন সিকিউরড গ্রুপ খুলে নিজেদের মধ্যে চ্যাটিং চালিয়ে যাচ্ছিল। গ্রেফতারকৃত মো: সৈকত উগ্রবাদী বিভিন্ন বই অনলাইনে পোস্ট করে আগ্রহীদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষাসহ তাদের উগ্রবাদের দিকে আহ্বান করে আসছিল। এছাড়াও ধৃত আসামী সংগঠনে সক্রিয়ভাবে কার্যক্রম পরিচালনা ও জঙ্গিবাদে অন্যান্যদের উদ্বুদ্ধকরণের লক্ষ্যে তামীম আল আদনানী, আবু তুহা মোহাম্মদ আদনান ও জসীম উদ্দিন রাহমানির বক্তব্য সম্বলিত অডিও এবং ভিডিও ফেসবুকে প্রচার করে আসছিল।

গ্রেফতারকৃত মো: সৈকত হোসেন (২৪) বাংলাদেশের নিরাপত্তা ও সার্বভৌমত্ব বিপন্ন করার উদ্দেশ্যে নিষিদ্ধ ঘোষিত সংগঠনের সদস্যপদ গ্রহণ ও সমর্থন, অপরাধ সংঘটনের ষড়যন্ত্র এবং অন্যান্যদের সন্ত্রাসী কর্মকাণ্ডে প্ররোচিত করায় তার বিরুদ্ধে সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩)-এর ৮/৯(৩)/১০/১৩ ধারায় মামলা দায়ের প্রক্রিয়াধীন।


২৪/০৯/২০২২

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস উইং)

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: atu.spma@police.gov.bd